দৈনিক ইত্তেফাক

তারিখ 01 JAN 1989
পৃষ্ঠা ২ কলাম ৫

01 JAN 1989

## কমিউনিটি স্কুল: শিক্ষকদের ভবিষ্যৎ

আমরা দেশের চারশত কমিউনিটি স্কুল প্রকল্পের সহস্রাধিক শিক্ষক সরকারের সুনির্দিষ্ট সিদ্ধান্তের অভাবে দারুণ সংকটে পড়িয়াছি। জুন '৮৮ই-এর পর প্রকল্পের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও কর্তৃপক্ষ এখনও আমাদের অন্যত্র পুনর্বাসিত বা সংলগ্ন বিদ্যালয়ে স্থায়ীভাবে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করিতেছেন না। প্রকল্প শেষে সংলগ্ন বিদ্যালয়ে নিয়োগের কথা থাকিলেও বিদ্যালয় কর্তৃপক্ষও সরকারের সুস্পষ্ট কোন নির্দেশ না পাওয়ায় নিয়োগ করেন নাই। প্রকল্পে আমাদের নিয়োগ করার সময় এক মুচলেকায় স্বাক্ষর করিতে হইয়াছিল যে, অন্ততঃ দুই বৎসর চাকুরী করিতে হইবে, অন্যথায় ২৫,০০০/- টাকা জরিমানা দিতে হইবে। তখন আমরা অন্যত্র চাকুরী পাইলেও কর্তৃপক্ষ যাইতে দেয় নাই। এখন আমাদের সকলেরই চাকুরীর বয়স পার হইয়া গিয়াছে। এ অবস্থায় আমরা ভবিষ্যতের এক অনিশ্চয়তার সম্মুখীন হইয়া পড়িয়াছি। সুতরাং বিষয়টি সহানুভূতির সহিত বিবেচনা করিয়া আমাদের অন্যত্র পুনর্বাসিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষীয় মহলের আশু দৃষ্টি কামনা করি।

—স্বপন কুমার ঘটক, কৃষি ট্রেড শিক্ষক, কমিউনিটি স্কুল প্রকল্প, কালিয়াকৈর, গাজীপুর।